

স্মারক নং-জেপ/মেহের/২০১৯- ২০১


তারিখ : ০৪-১২-২০১৯ খ্রিঃ।

দোকান বরাদ্দের বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ৩০-০৩-২০০৮ খ্রিঃ তারিখের স্থাসবি/জেপশা/জেপ-৫১/২০০৫/৭৩০ নং স্মারকের প্রেক্ষিতে মেহেরপুর জেলা পরিষদের মালিকানাধীন মুজিবনগর উপজেলাধীন কেদারগঞ্জ বাজারে নিজস্ব জমিতে নির্মিতব্য ৪৭ (সাত চল্লিশ) টি দোকান বরাদ্দের জন্য নিম্ন বর্ণিত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আবেদনকারীগণকে (১) জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর (২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মুজিবনগর ও (৩) জেলা পরিষদ অফিস হতে আগামী ৩০-১২-২০১৯খ্রিঃ তারিখের মধ্যে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের (অফেরৎযোগ্য) নির্ধারিত ফরম সংগ্রহ করে তা যথাযথ পূরণ করতঃ প্রতিটি দোকানের জন্য মোট সালামী ৩,৩৩,৩৩৪/- (তিন লক্ষ তেত্রিশ হাজার তিনশত চৌত্রিশ) টাকা ১৫% ভ্যাট বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ও ৫% আয়কর বাবদ ১৬,৬৬৬/- (ষোল হাজার ছয়শত ছেষট্টি) টাকা সর্বমোট=৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা নির্ধারণ করা হয়েছে। দাখিলকৃত দরের (ভ্যাট ও আয়কর সহ) ৫০% সালামী প্রতিটি দোকানের জন্য পে-অর্ডার যে কোন তফসিলী ব্যাংক হতে “প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মেহেরপুর” এর অনুকূলে ফ্রয়কৃত আবেদন পত্রে সাথে সংযুক্ত করে ৩১-১২-২০১৯ খ্রিঃ তারিখে জেলা পরিষদ অফিসে জমা দিতে হবে।

শর্তাবলী :

- ০১। আবেদন পত্রের সাথে ২(দুই) কপি সত্যায়িত ছবি দাখিল করতে হবে।
- ০২। জাতীয় পরিচয়পত্রের ফটো কপি।
- ০৩। টিন নম্বর (যদি থাকে) জমা দিতে হবে।
- ০৪। কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা পরিবারের সদস্য একের অধিক দোকানের জন্য আবেদন করতে পারবেন না।
- ০৫। আবেদন ফরমের সকল কলাম যথাযথভাবে পূরণ করতে হবে।
- ০৬। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ০৭। জেলা পরিষদের পূর্ব অনুমতি ব্যতিরেকে বরাদ্দ প্রাপ্ত দোকান অন্য কাহার নিকট হস্তান্তর করা যাবে না বা ভাড়া দেয়া যাবে না।
- ০৮। দোকান বরাদ্দ পাওয়ার পর মাসিক নির্ধারিত হারে ভাড়া পরিশোধ করতে হবে এবং যথারীতি ট্রেড লাইসেন্স গ্রহণ ও চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
- ০৯। অন্যান্য শর্তাবলী বরাদ্দপত্রে/চুক্তিপত্রে উল্লেখ থাকবে, যা বরাদ্দ প্রাপক মেনে চলতে বাধ্য থাকবে।
- ১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষের সংরক্ষিত থাকবে।



(মোঃ তোফিকুর রহমান)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মেহেরপুর।
ফোন-০৭৯১-৬২৪৬৪
zpo@zpmeherpur.gov.bd

স্মারক নং-জেপ/মেহের/২০১৯- ২০২(৫০)

তারিখ : ০৪-১২-২০১৯ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ০৩। জেলা প্রশাসক, মেহেরপুর।
- ০৪। পুলিশ সুপার, মেহেরপুর।
- ০৫। সিভিল সার্জন, মেহেরপুর।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ, মেহেরপুর।
- ০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর/গাংনী/মুজিবনগর।
- ০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, মেহেরপুর সদর/গাংনী/মুজিবনগর, মেহেরপুর।
- ০৯। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, মেহেরপুর।
- ১৩। চেয়ারম্যান মহোদয়ের গোপনীয় সহকারী (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৪। সভাপতি/সম্পাদক, কেদারগঞ্জ বাজার কমিটি।


প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মেহেরপুর।
ফোন-০৭৯১-৬২৪৬৪
zpo@zpmeherpur.gov.bd